**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পবিত্র রাখিবন্ধন উৎসব উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন ।**

**(২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, মানব পাচারের মামলাগুলি কার্যকরভাবে তদন্ত এবং পরিচালনার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলির বিশেষ প্রশিক্ষণের প্রয়োজন ।**

**(৩) ভারতীয় বায়ু সেনা প্রধান, এয়ার চিফ মার্শাল এ পি সিং বলেছেন, ভারত অপারেশন সিন্দুরের সময় পাকিস্তানের পাঁচটি যুদ্ধবিমান ভূপাতিত করেছে ।**

**(৪) অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গোমতী জেলাভিত্তিক রেপিড চেস টুর্নামেন্টের উদ্বোধন করেন।**

****************************************

**Rakhi Bandhan :**

পবিত্র রাখিবন্ধন উৎসব উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, এই পবিত্র উৎসব সমাজে সম্প্রীতি ও ঐক্যের চেতনা বৃদ্ধি করে এবং ভাই-বোনেদের মধ্যে প্রেম ও আস্থার অনন্য বন্ধনকে নির্দেশ করে। রাষ্ট্রপতি দেশবাসীর প্রতি আহ্বান জানান, তাঁরা যেন এমন একটি সমৃদ্ধ দেশ গড়ে তোলার অঙ্গীকার গ্রহণ করেন, যেখানে প্রত্যেক নারী নিরাপদ বোধ করেন এবং দেশের উন্নয়নে সক্রিয়ভাবে অবদান রাখতে পারেন। রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন আজ রাখি বন্ধন উৎসব উপলক্ষে

নলছড় পঞ্চায়েত সমিতি হলে নলছড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সঙ্গে রাখিবন্ধন উৎসব পালন করেন।
আগরতলা পুর নিগমের ১৪ নম্বর ওয়ার্ডের উদ্যোগে দুর্গা চৌমুহনী এলাকায় পথচারীদের রাখি পরানো হয়।
বাঙালি মহিলা সমাজ, নবদিগন্ত সামাজিক সংস্থা আসাম রাইফেলস ও আগরতলা সাইক্লোহলিক্স ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আজ রাখি বন্ধন উৎসব পালন করা হয়।
আজ সকালে আগরতলার বিভিন্ন প্রান্ত থেকে মহিলা ও পুরুষ সাইক্লিস্টরা সাইকেল র‍্যালিতে অংশ নেন। শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে তারা পৌঁছান আসাম রাইফেলস ময়দানে। সেখানে তারা আসাম রাইফেলসের জওয়ানদের হাতে রাখি পরিয়ে দেন।

*****************************

**Tinku Roy-Seminar :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ জাতীয় আইন বিশ্ববিদ্যালয় ত্রিপুরা ক্যাম্পাসে "From Vulnerability to Justice: Tackling Human Trafficking in Northeast India" শীর্ষক জাতীয় সম্মেলনের উদ্বোধন করেন। সম্মেলনে মানব পাচার প্রতিরোধ, ভুক্তভোগীদের সুরক্ষা ও ন্যায়বিচার নিশ্চিত করার মতো গুরুত্বপূর্ণ বিষয়ে বিশদ আলোচনা হয়। মন্ত্রী শ্রী রায় বলেন, মানব পাচার একটি জটিল সমস্যা যার জন্য প্রতিরোধ, সুরক্ষা এবং বিচারের মাধ্যমে বহুমুখী পদ্ধতির প্রয়োজন। কার্যকর কৌশলগুলির মধ্যে রয়েছে আইন প্রয়োগকারী সংস্থাকে শক্তিশালী করা, সচেতনতা বৃদ্ধি করা। তিনি বলেন পাচারের মামলাগুলি কার্যকরভাবে সনাক্তকরণ, তদন্ত এবং পরিচালনা করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলির বিশেষ প্রশিক্ষণের প্রয়োজন। সম্মেলনে উপস্থিত ছিলেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন তথা ত্রিপুরা উচ্চ আদালতের অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, ত্রিপুরা জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যোগেশ প্রতাপ সিং।

*****************************

**SP WEST :**

পশ্চিম ত্রিপুরার পুলিশ সুপার নমিত পাঠক আজ আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগকে একান্ত সাক্ষাতকারে জানিয়েছেন, আসন্ন স্বাধীনতা দিবসকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা জেলায় নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা স্বাভাবিক রাখতে সর্বাত্মক ব্যবস্থা নেওয়া হয়েছে। স্বাধীনতা দিবস উদযাপনে সাধারণ মানুষের সর্বাত্মক অংশগ্রহণ নিশ্চিত করতে ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণেও বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। স্বাধীনতা দিবসের প্রাকপর্বে সুরক্ষা ব্যবস্থায় যাতে কোন সমস্যা না হয় সেজন্য নজরদারি কঠোর করা হয়েছে বলে শ্রী পাঠক জানান। তিনি আরো জানান, পশ্চিম জেলার ব্যাপক অংশে আন্তর্জাতিক সীমান্ত থাকায় বি এস এফ-এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে নিবিড় টহলদারী চলছে এবং অনুপ্রবেশ সহ যেকোন ধরনের অপরাধমূলক তৎপরতা প্রতিরোধে প্রয়াস চালানো হচ্ছে।

#######BYTE-SP WEST########

******************************

**Parisor :**

পরিসর সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে আজ সুকান্ত একাডেমি প্রেক্ষাগৃহ 'শুধু কবিতার জন্য "কবিতার বারান্দা" শীর্ষক কবিতা পাঠ ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যের স্বনামধন্য কবিরা এই কবিতা পাঠে অংশগ্রহণ করেন। তারা হলেন রাতুল দেব বর্মন ও অজিতা চৌধুরী, পীযুষ রাউত, মিহির দেব, বিমান ধর। গোটা বিষয়ট সঞ্চালনার দায়িত্বে ছিলেন কবি রামেশ্বর ভট্টাচার্য। অনুষ্ঠানে তরুণ কবির কবিতা সংকলন "পরিসর এর কবিতার বারান্দা" বইটি মলাট উন্মোচন করেন উড়িষ্যা উচ্চ আদালতে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র। আলোচনা ও কবিতা পাঠ শেষে পরিবেশিত হয় শিল্পী সুকান্ত ঘোষ ও সংকর্ষণ ঘোষের সংগীত।

***************************

**Har Ghar Tiranga-Gomoti :**

বিজেপি'র আর কে মন্ডলের উদ্যোগে আজ উদয়পুরে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

এদিকে, গোমতি জেলার মহিলা মোর্চার উদ্যোগে আজ রাখি বন্ধন উৎসব পালন করা হয়। উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার, বিজেপির গোমতী জেলা সভানেত্রী সবিতা নাগ, মহিলা মোর্চার নেত্রী ভ্রমর সোম।

****************************

**Har Ghar Tiranga-BSF :**

আগরতলা আখাউড়া সীমান্ত এলাকায় বিএসএফ জওয়ানদের সঙ্গে রাখি বন্ধন উৎসব পালন করলেন প্রদেশ বিজেপি মহিলা মোর্চার সদস্যারা। আজ প্রদেশ বিজেপি সহ সভানেত্রী পাপিয়া দত্তের নেতৃত্বে পুর নিগম এলাকার মহিলা কর্পোরেটগণ  বিএসএফ জওয়ানদের হাতে রাখি পরিয়ে দিয়ে দিনটিকে উদযাপন করেন। "হর ঘর তিরঙ্গা" উৎসব উপলক্ষে বিএসএফ জওয়ানদের হাতে জাতীয় পতাকা তুলে দেওয়া হয়।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক

নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Air Chief Marshal A P Singh :**

ভারতীয় বায়ু সেনা প্রধান, এয়ার চিফ মার্শাল এ পি সিং বলেছেন, ভারত অপারেশন সিন্দুরের সময় পাকিস্তানের পাঁচটি যুদ্ধবিমান ভূপাতিত করেছে। আজ বেঙ্গালুরুতে ১৬তম বায়ুসেনা প্রধান এল এম কাট্রে বক্তৃতামালায় বর্তমান বায়ুসেনা প্রধান বলেন, ভারত একইসঙ্গে সেদেশের একটি (AWACS)এ ডব্লিও এ সি এস বিমানও ভূপাতিত করেছে। তিনি ভিডিও ফুটেজ সহ অপারেশন সিন্দুর সম্পর্কে বিস্তারিত বক্তব্য পেশ করেন। এয়ার চিফ মার্শাল আরও জানান, ভারতীয় আক্রমণগুলি যথার্থ পরিকল্পনা অনুসারে সংঘটিত হয়েছিল এবং তিন বাহিনীর মধ্যে নিখুঁত সমন্বয় ছিল। বিমানবাহিনী প্রধান বলেন, আমাদের বায়ুসেনা প্রতিরক্ষা ব্যবস্থা দুর্দান্ত কাজ করেছে।

*****************************

**KAKOURI TRAIN ROBBERY CENTINARY :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কাকোরি ট্রেন ডাকাতির ঐতিহাসিক ঘটনায় জড়িত বিপ্লবীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী জানান, একশো বছর আগে আজকের দিনে, কাকোরিতে দেশপ্রেমিক ভারতীয়দের সাহস ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে মানুষের মধ্যেকার ক্ষোভের কথা প্রতিফলিত হয়েছিল। প্রধানমন্ত্রী বলেন, তাদের বীরত্ব ভারতের জনগণ সর্বদা স্মরণ করবে। সরকার একটি শক্তিশালী ও সমৃদ্ধ ভারতের জন্য তাদের স্বপ্ন পূরণে কাজ করে যাবে বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, 'কাকোরি ট্রেন ডাকাতি মামলা' ভারতীয় স্বাধীনতা সংগ্রামে সাহস, ত্যাগ এবং দেশপ্রেমের প্রতীক ছিল। সামাজিক মাধ্যমে শ্রী শাহ জানান, ১৯২৫ সালের ৯ আগস্ট রামপ্রসাদ বিসমিল, চন্দ্রশেখর আজাদ এবং আশফাকুল্লা খানের মতো সাহসী বীরেরা ব্রিটিশ দমন পীড়নের বিরুদ্ধে বিপ্লবের মশাল জ্বালিয়ে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তি কাঁপিয়ে দিয়েছিলেন। জাতি এই যোদ্ধাদের সাহসিকতা ও বীরত্বের কাছে চিরকাল ঋণী থাকবে।

***************************

**Rail Scheme :**

ভারতীয় রেলওয়ে রেল ভ্রমনের ক্ষেত্রে রাউন্ড-ট্রিপ প্যাকেজ প্রকল্পের ঘোষণা দিয়েছে। এই প্রকল্পের অধীনে গন্তব্য থেকে ফিরে যাওয়ার ক্ষেত্রে যাত্রীদের ২০ শতাংশ ছাড় দেওয়া হবে। রেল মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পের অধীনে যাত্রী ভাড়ায় ছাড়ের সুযোগ তখনই পাওয়া যাবে, যখন যাত্রীরা আসা-যাওয়া উভয় তরফের জন্য টিকিট বুক করবে। মন্ত্রক জানিয়েছে যে, এই প্রকল্পের অধীনে বুক করা টিকিটের জন্য ভাড়া ফেরত দেয়া হবে না। এই প্রকল্পের অধীনে বুকিং শুরু হবে এই মাসের ১৪ তারিখ থেকে ১৩ অক্টোবর অগ্রিম সংরক্ষণের সময়সীমার জন্য। ফিরতি যাত্রার টিকিট বুক করার সময় ৬০ দিনের অগ্রিম সংরক্ষণের সময়কাল প্রযোজ্য হবে না।

*************************

**PM-Sanskrit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশ্ব সংস্কৃত দিবসে উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন। শ্রাবণ পূর্ণিমা দিবসে বিশ্ব সংস্কৃত দিবস উদযাপিত হয়। সামাজিক মাধ্যমে শ্রী মোদি বলেছেন, সংস্কৃত ভাষা হচ্ছে জ্ঞান এবং অভিব্যক্তির নিরন্তর উৎস এবং এর প্রভাব বিভিন্ন ক্ষেত্রে পাওয়া যায়। প্রধানমন্ত্রী বলেছেন, গত দশকে সরকার সংস্কৃতকে জনপ্রিয় করার জন্য অনেক প্রচেষ্টা গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়, সংস্কৃত শিক্ষা কেন্দ্র স্থাপন, সংস্কৃত পণ্ডিতদের অনুদান প্রদান এবং পাণ্ডুলিপিগুলিকে ডিজিটালাইজ করার জন্য জ্ঞান ভারতম মিশন। প্রধানমন্ত্রী জানান, এর ফলে অগণিত ছাত্র এবং গবেষক উপকৃত হয়েছে।

*************************

**Mega Health Camp :**

আগরতলা জিবি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের উপস্থিতিতে আজ কৈলাশহরের চা-বাগান অধ্যুষিত মনুভ্যালীতে এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। মনুভ্যালি পঞ্চায়েত অফিস প্রাঙ্গনে আয়োজিত এই শিবিরে চিকিৎসা পরিষেবা ও পরামর্শ দেবার পাশাপাশি বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। শিবিরের উদ্বোধন করেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

*************************

**Chese-Udaipur :**

গোমতী জেলা দাবা অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ উদয়পুরের গ্র্যান্ড স্ট্যান্ড স্পোর্টস কমপ্লেক্সে গোমতী জেলাভিত্তিক রেপিড চেস্ট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। পাঁচটি গ্রুপে ৫ রাউন্ডের উন্মুক্ত এই আসরে জেলার বিভিন্ন মহকুমা থেকে ৫৬ জন দাবারু অংশ নেয়।

***************************